# আদ-দুহা | Ad-Dhuha | ٱلضُّحَىٰ

আয়াতঃ ৯৩ : ২

## আরবি মূল আয়াত:

وَ الَّیۡلِ اِذَا سَجٰی ۙ﴿۲﴾

## অনুবাদসমূহ:

কসম রাতের যখন তা অন্ধকারাচ্ছন্ন হয়। — আল-বায়ান

রাতের শপথ যখন তা হয় শান্ত-নিঝুম, — তাইসিরুল

শপথ রাতের যখন ওটা সমাচ্ছন্ন করে ফেলে; — মুজিবুর রহমান

And [by] the night when it covers with darkness, — Sahih International

২. শপথ রাতের যখন তা হয় নিঝুম(১)-

(১) এখানে سَجَى এর আরেকটি অর্থ হতে পারে। আর তা হলো, অন্ধকারাচ্ছন্ন হওয়া। এখানে দিনের আলো ও রাতের নীরবতা বা অন্ধকারের কসম খেয়ে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে বলা হয়েছে, আপনার রব আপনাকে বিদায় দেন নি এবং আপনার প্রতি শক্রিতাও পোষণ করেননি। একথার জন্য যে সম্বন্ধের ভিত্তিতে এই দুটি জিনিসের কসম খাওয়া হয়েছে তা সম্ভবত এই যে, রাতের নিঝুমতা ও অন্ধকারাচ্ছন্নতার পর দিনের আলোকমালায় উদ্ভাসিত হওয়ার মতই যেন বিরতির অন্ধকারের পর অহী আগমনের আলো উদ্ভাসিত হয়েছে। [বাদা'ইউত তাফসীর]

তাফসীরে জাকারিয়া

২। শপথ রাত্রির; যখন তা সমাচ্ছন্ন করে ফেলে। [1]

[1] سَجَى শব্দের অর্থ হল নিঝুম হওয়া। অর্থাৎ, যখন রাত্রি নিঝুম হয়ে যায় এবং তার অন্ধকার পূর্ণরূপে ছেয়ে যায়। যেহেতু তখনই প্রত্যেক জীব স্থির ও শান্ত হয়ে যায়।

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=6081

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন